NOTICE is hereby given that the 28th Annual General Meeting (AGM) of the Members of Freshtrop Fruits Limited will be held on Wednesday at 23rd September 2020 at 12.30 PM through video Conference ("VC") / Other Audio Visual Means ("OVAM") in compliance with circulars issued by the Ministry of Corporate Affairs ("MCA") dated 5th May 2020, 8th April 2020 and 13th April 2020 (collectively referred to as "MCA Circular") to transact the Ordinary and Special Business as set out in the Notice of AGM. Accordingly, in Compliance with aforesaid circulars, the Company is Convening the 28th AGM through VC/OAVM, without the physical presence of the members at a Common venue.

The Notice of the 28th AGM and the annual report including the financial statements for the year ended 31st March 2020 has been sent only by email to all those Members, whose email addresses are registered with the Company / Registrar and share transfer agent.

Further, pursuant to section 91 of the Companies Act 2013 ("the Act") and regulation 42 of the SEBI (Listing Obligations and Disclosure Requirement) Regulations 2015, the Registrar of Members and share transfer book of the Company will remain closed from **16th September 2020 to 23rd September 2020** (both days inclusive) for taking record of the members of the Company for the purpose of AGM.

Those members, who have not cast their vote through remote e-voting and who remain present in the 28th AGM through VC or OAVM, will have another option to cast their vote by using the same e-voting platform of the NSDL during the time of AGM. The Notice of 28th AGM contains instructions to the members for remote e-voting, voting during the time of the AGM as well as for attending the 28th AGM through VC. The members are requested to read and follow the instructions carefully for enabling them to attend the 28th AGM and also to cast their vote through NSDL e-voting platform.

Pursuant to the provisions of Section 108 of the Companies Act, 2013 read with Rule 20 of the Companies (Management and Administration) Amendment Rules, 2015 ("the Rules"), and Regulation 44 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 the company is offering remote e-voting facility to its members whose names appear in the Register of Members/Beneficial Owners as on the **cut-off date (the record date) i.e. 16th September, 2020** to exercise their right to vote by electronic means on the business specified in the Notice of the AGM. Additionally, the Company is providing the facility of voting through e-voting system during the AGM ("e-voting").

The details pursuant to the provisions of the Companies Act, 2013 and the Rules are given hereunder:

1. Cut-off date for the purpose of remote e-voting: **16th September 2020**
2. Date and time of commencement of remote e-voting: **9.00 a.m. on 19th September 2020.**
3. Date and time of end of remote e-voting: **5.00 p.m. on 22nd September 2020.**
4. Remote e-voting shall not be allowed beyond the said time and date.
5. Persons who have acquired shares and become members of the Company after the despatch of the Notice of the AGM and holding shares as on the cut-off date i.e. 16th September 2020 may cast their votes by following the instructions and process of remote e-voting as provided in the Notice of the AGM. A person whose name is recorded in the register of members or in the register of beneficial owners maintained by the depositories as on the cut-off date only, shall be entitled to avail the facility of remote e-voting as well as voting in the AGM.
6. Persons who have acquired shares and become members of the Company after the despatch of notice and hold share as on cut-off date 16th September 2020, may obtain the login ID and Password by sending the request at evoting@nsdl.co.in.

In case of any queries or grievances pertaining to Remote E-Voting procedure, shareholders may get in touch with Mr. Ronak Dhruve, Company Secretary at the Registered Office of the Company at A-603, Shapath -IV, Opp. Karnavati Club, S. G. Road, Ahmedabad-380015 Ph. No. 079 - 40307057 or may write an email to secretarial@freshtrop.com.

By Order of the Board of Directors
FOR, FRESHTROP FRUITS LIMITED
Sd/-
Date : 31-08-2020 — Ashok Motiani
Place : Ahmedabad — Chairman & Managing Director
DIN No. : 00124470

KHADIM INDIA LIMITED

Khadim's®

Registered Office: "Kankaria Estate", 5th Floor, 6, Little Russell Street, Kolkata - 700071, West Bengal, India
Website: www.khadims.com
Tel No: +91 33 4009 0501; Fax No: +91 33 4009 0500
e-mail: compliance@khadims.com
CIN: L19129WB1981PLC034337

NOTICE CONVENING THE 39TH ANNUAL GENERAL MEETING AND INFORMATION ON E-VOTING AND BOOK CLOSURE

1. NOTICE is hereby given that the 39th (Thirty-Ninth) Annual General Meeting (AGM) of the members of Khadim India Limited ("the Company") will be held on **Wednesday, September 23, 2020 at 11:30 a.m. IST through Video Conferencing (VC) / Other Audio Visual Means (OAVM)** to transact the business as contained in the Notice convening the AGM in compliance with the applicable provisions of the Companies Act, 2013 (as amended) ('Act') and rules made thereunder, SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 ("Listing Regulations") read with General Circulars No. 14/2020, 17/2020 and 20/2020 dated April 08, 2020, April 13, 2020 and May 05, 2020 respectively issued by the Ministry of Corporate Affairs (MCA) (hereinafter collectively referred to as the "MCA Circulars") and Circular No. SEBI/HO/CFD/CMD1/CIR/P/2020/79 dated May 12, 2020 issued by the Securities and Exchange Board of India ("SEBI Circular").

2. In accordance with the MCA Circulars and the SEBI circular, the Company has completed despatch of the Annual Report for the financial year ended March 31, 2020 including the Notice convening the 39th AGM on September 01, 2020 through electronic mode by sending e-mail only to those Members whose e-mail IDs are registered with the Depository Participants (DPs) / Registrar and Share Transfer Agent (RTA) / the Company. The requirement of sending physical copies of Annual Report and the Notice has been done away with vide the aforesaid circulars.

3. Pursuant to the provisions of Section 108 of the Act read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014 as amended from time to time and Regulation 44 of the Listing Regulations, the Company shall be providing remote e-voting facility before the AGM and e-voting facility during the AGM to the Members through National Securities Depository Limited (NSDL), in respect of the business to be transacted during the aforesaid AGM. The process and manner of remote e-voting before the AGM have been mentioned in relevant Notes to the Notice convening the 39th AGM and also being communicated by NSDL separately to the Members who have registered their e-mail addresses as stated above.

4. The facility for voting through electronic means shall also be made available during the AGM. Members who have cast their vote by remote e-voting before the AGM may attend the AGM but shall not be entitled to cast their vote again during the AGM.

5. The Members, whose names appear in the Register of Members or in the Register of Beneficial Owners maintained by the Depositories as on the **cut-off date (i.e., Wednesday, September 16, 2020)**, shall be entitled to avail the facility of remote e-voting before the AGM or e-voting during the AGM. Once vote(s) on Resolution(s) is / are cast by a Member, the same cannot be changed subsequently. **The remote e-voting will commence at 9:00 a.m. IST on Sunday, September 20, 2020 and end at 5:00 p.m. IST on Tuesday, September 22, 2020.** Thereafter, the module of remote e-voting before the AGM shall be disabled by NSDL.

6. Any person, who acquires equity shares in the Company and becomes a Member after dispatch of the Notice of the AGM and holds shares as on the cut-off date, i.e., September 16, 2020 may obtain the login User ID and password/ PIN by sending a request to NSDL at evoting@nsdl.co.in. However, Members who are already registered with NSDL for remote e-voting can use their existing User ID and password/PIN for e-voting.

7. All documents referred to in the Notice and the Explanatory Statement shall also be available for inspection without any fee by the members from the date of circulation of this Notice up to the date of AGM, i.e. September 23, 2020. Members seeking to inspect such documents can send an e-mail to compliance@khadims.com mentioning their names, folio numbers / demat account numbers and contact numbers.

8. A copy of Notice of the AGM is available on the website of the Company at www.khadims.com and on the website of NSDL at www.evoting.nsdl.com. The Annual Report for the financial year ended March 31, 2020 of the Company is also available on the website of the Company and on the websites of the Stock Exchanges where the equity shares of the Company are listed viz., www.nseindia.com and www.bseindia.com.

9. In case of any queries / grievances relating to e-voting, Members may refer to the "Frequently Asked Questions (FAQs) for Shareholders" and "e-voting user manual for Shareholders" available at the download section on the website of NSDL, viz., www.evoting.nsdl.com or may call on Toll Free No.: 1800-222-990 or contact Mr. Amit Vishal, Senior Manager / Ms. Pallavi Mhatre, Manager, NSDL, Trade World, "A" Wing, 4th Floor, Kamala Mills Compound, Senapati Bapat Marg, Lower Parel, Mumbai 400 013 at telephone no. 022 – 24994360 / 022 – 24994545 or at e-mail id: amitv@nsdl.co.in / pallavid@nsdl.co.in or alternatively at evoting@nsdl.co.in.

10. Members are requested to refer the newspaper advertisement dated August 29, 2020 issued by the Company and published on August 30, 2020 in Financial Express (English) and Aajkal (Bengali) newspapers for further details relating to AGM. The same is also available on the website of the Company at www.khadims.com and on the websites of the Stock Exchanges where the equity shares of the Company are listed viz., www.nseindia.com and www.bseindia.com.

11. **BOOK CLOSURE**

a) Pursuant to Section 91 of the Act read with Rule 10 of the Companies (Management and Administration) Rules, 2014 and Regulation 42 of the Listing Regulations, the Register of Members and the Share Transfer Books of the Company will remain closed from Thursday, September 17, 2020 till Wednesday September 23, 2020 (inclusive of both days) for the purpose of AGM.

b) The aforesaid Book Closure Notice is available on the website of the Company at www.khadims.com and also on the websites of the Stock Exchanges where the equity shares of the Company are listed viz., at www.bseindia.com and www.nseindia.com.

For and on behalf of Khadim India Limited
Sd/-
Place: Kolkata — **Abhijit Dan**
Date : September 01, 2020 — **Company Secretary & Head-Legal**

কলকাতায় কোভিড রোগী কমছে

বন্ধ করা হল বালটিকুরি সেফ হোম

কৃষ্ণকুমার দাস

মহানগরের কোভিড রোগীর সংখ্যা কমে আসছে বলে বালটিকুরির সেফ হোম বন্ধ করল কলকাতা পুরসভা। করোনা চিকিৎসার যাবতীয় পরিকাঠামো থাকা হাওড়ার ৭০০ শয্যার ওই কেন্দ্রটিকে কোভিড হাসপাতাল হিসাবে গড়ে তুলছে হাওড়া জেলা প্রশাসন। তবে কসবার গীতাঞ্জলি স্টেডিয়ামকে পরিবর্তন করে সেফ হোম হিসাবে হাজার সংক্রমিতকে রেখে চিকিৎসা করছে পুরসভা। অথচ আনন্দপুর সেফ হোমের পাশাপাশি কসবার এই নতুন সেন্টারে দৈনিক কত সংক্রমিত আদৌ এসে পৌঁছবেন তা নিয়ে খুবই সন্দিহান কলকাতা পুরসভার মুখ্যপ্রশাসক ও পুরমন্ত্রী ফিরহাদ হাকিম।

তাঁর কথায়, "শেষদিকে বালটিকুরিতে কলকাতা থেকে যাওয়া ৫০ জন রোগীও থাকছিলেন না। আনন্দপুরে ৭০০-র বেশি শয্যাতেও থাকছিলেন শ'খানেক রোগী। হাওড়ায় হোমটি চালু রাখতে অকারণে খরচ বাড়ছিল। তাই বালটিকুরি বন্ধ করে হাওড়া জেলা প্রশাসনকে দেওয়া হল।" স্বাস্থ্যভবনের তথ্য বলে, গত দু'সপ্তাহে কলকাতায় করোনা সংক্রমণের হার প্রায় অর্ধেকে নেমে এসেছে। জুলাই মাসের শেষে যেখানে দৈনিক সংক্রমণ প্রায় ৮০০ ছিল, সেখানে এখন ৪০০-র কাছে পৌঁছে গেছে। মৃত্যুর হারও কমেছে।

হাওড়া ও উলুবেড়িয়ার পাশাপাশি হুগলির একাংশের রোগীকে বালটিকুরির হাসপাতালে ভর্তি করা হবে বলে স্বাস্থ্যভবন সূত্রে খবর। প্রয়োজনে পূর্ব মেদিনীপুরের বড়মা হাসপাতালের রোগীদেরও ভর্তি করা হবে। পুরসভার পাশাপাশি নবান্নের কাছে স্বস্তির খবর, ভাইরোলজিস্টরা জানিয়েছেন, কলকাতায় দৈনিক ভাইরাসের সংক্রমণ হার কমে ০.৮৭-এ নেমে এসেছে। অর্থাৎ একজন করোনা আক্রান্ত রোগী মাত্র ০.৮৭ জনকে ভাইরাস দ্বারা সংক্রমিত করতে পারছেন। রাজ্যের ক্ষেত্রে সংক্রমণের হার ০.৯৬ জন। বিশেষজ্ঞদের দাবি, লকডাউন কড়াকড়ি করার জেরে বাংলায় সংক্রমণের হার এতটাই নিয়ন্ত্রণে এসেছে যে সেপ্টেম্বরের শেষে কোভিড সংক্রমণের হার আরও অনেকটাই কমে যাবে।

কলকাতা পুরসভা এলাকার করোনা আক্রান্তদের পরিজনদের মার্চ মাসের শেষ থেকেই রাজারহাটে কোয়ারান্টাইন সেন্টারে রাখা হচ্ছিল। পরে মৃদু বা উপসর্গহীনদের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বালটিকুরির সেফ হোমে রাখার ব্যবস্থা করেন পুরমন্ত্রী। সরকারি ব্যবস্থাপনায় এতটাই খুশি ও পরিতৃপ্ত ছিলেন আক্রান্তরা যে, একবার ওই সেফ হোমে গেলে চট করে আসতে চাইছিলেন না। বালটিকুরির এক চিকিৎসকের কথায়, "গরিব, বস্তিবাসী যাঁরা আসছেন তাঁদের ১৪ দিনের জন্য থাকতে হবে বলে নিয়ে আসা হচ্ছে। কিন্তু অনেকেই আট-নয়দিনের মধ্যে সুস্থ হয়ে গেলেও কিছুতেই বাড়ি ফিরতে চাইছেন না। বলছেন, ১৪ দিন থেকে তবেই বাড়ি ফিরব। কেউ ভাল পরিষেবায়, কেউ বা বাড়তি সচেতনতায় এটা করছেন।"

মন্দিরবাজার ও সাতগাছিয়া

বিজেপি ও সিপিএম নেতারা তৃণমূলে

বিজয়গঞ্জের অনুষ্ঠানে যোগদানকারীদের সঙ্গে মন্ত্রী মন্টুরাম পাখিরা।

স্টাফ রিপোর্টার, ডায়মন্ডহারবার : মঙ্গলবার মন্দিরবাজার ও সাতগাছিয়া বিধানসভার পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতের বিজেপি ও সিপিএমের নেতা-নেত্রী সহ চারশোরও বেশি কর্মী-সমর্থক তৃণমূলে যোগ দিলেন। এদিন মন্দিরবাজার বিধানসভার বিজয়গঞ্জ বাজারে এক সভাঘরে পঞ্চায়েত সমিতি ও সমিতির অধীন কয়েকটি গ্রাম পঞ্চায়েতের বিজেপি ও সিপিএম নেতা-নেত্রী সহ ২৬১ জন কর্মী ও সমর্থক তৃণমূলে যোগ দেন। সাতগাছিয়া বিধানসভার চকমানিকে অন্য এক সভায় এদিনই বিজেপির কয়েকটি মণ্ডলের সদস্যসহ ১৫০ জন কর্মী-সমর্থক যোগ দিয়েছেন তৃণমূলে। মন্দিরবাজারে তৃণমূলে যোগ দেওয়া কর্মীদের হাতে ঘাসফুলের পতাকা তুলে দেন সুন্দরবন বিষয়ক মন্ত্রী মন্টুরাম পাখিরা, মন্দিরবাজারের বিধায়ক জয়দেব হালদার ও তৃণমূল কংগ্রেসের ব্লক সভাপতি অলোক ভট্টাচার্য। সাতগাছিয়ায় এদিন বিজেপি থেকে যাঁরা তৃণমূলে যোগ দিয়েছেন তাঁদের হাতে দলীয় পতাকা তুলে দেন জেলা যুব তৃণমূল সভাপতি সওকত মোল্লা ও বজবজ ২ নম্বর ব্লক তৃণমূল সভাপতি বুচান বন্দ্যোপাধ্যায়। সুন্দরবন মন্ত্রী বলেন, বিধানসভা ভোটের আগেই বিভিন্ন বিধানসভা এলাকায় বহু বিরোধী নেতা-কর্মী তৃণমূলে যোগ দিতে দলীয় নেতৃত্বের সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ রেখে চলেছেন। উন্নয়নের শরিক হতেই বিরোধী সংগঠনের নেতা ও কর্মীরা দলে দলে তৃণমূলে যোগ দিচ্ছেন। আগামী শুক্রবারই গোসাবায় বিজেপি, আরএসপি ও সিপিএম ছেড়ে কয়েক হাজার স্থানীয় নেতা ও কর্মী তৃণমূলে যোগ দেবেন বলেও মন্ত্রী জানান। মঙ্গলবার তৃণমূলে যোগ দিয়েছেন মন্দিরবাজার পঞ্চায়েত সমিতির বিজেপি সদস্য প্রিয়াঙ্কা সরদার, সিপিএম নেতা শিবদাস বৈদ্য, বিজেপির আঁচনা গ্রাম পঞ্চায়েত সদস্যা বীণা নস্কর, বিজেপির স্থানীয় নেতা বিদ্যুৎ পুরকাইত-সহ অন্যরাও। যদিও বিজেপির দক্ষিণ ২৪ পরগনার জেলা নেতৃত্ব অভিযোগ তুলেছেন, মিথ্যা মামলায় ফাঁসানোর হুমকি ও আর্থিক প্ররোচনা দিয়ে শাসকদল তাদের দল ভাঙাচ্ছে।

বাড়িতে মদের বোতল, বিপাকে যুবতী

স্টাফ রিপোর্টার : মদের বোতল বাড়িতে রেখে বিপাকে পাঞ্জাব থেকে আসা দুই যুবতী। ভাষা সমস্যায় প্রবীণ বাঙালি প্রতিবেশীরা বুঝতে পারেননি প্রকৃত কারণ। শুরু করেন হল্লা। শেষ পর্যন্ত ১০০ ডায়ালে মেটে সমস্যা। দক্ষিণ কলকাতার গড়ফা এলাকায় 'মরাল পুলিশিং'-এর অভিযোগ ওঠে। কলকাতায় একটি বেসরকারি সংস্থার হয়ে প্রোজেক্টের কাজ করেন ওই যুবতীরা। প্রোজেক্টের অংশ হিসেবে তাঁদের বিভিন্ন ধরনের মদের বোতল কিনতে হয়। পুলিশ আধিকারিকরা ঘটনাস্থলে গিয়ে ওই যুবতী আর বৃদ্ধা এবং প্রৌঢ়াদের পুরো ব্যাপারটি বোঝান। বৃদ্ধাদের বক্তব্য যুবতীদের বুঝিয়ে দেন। যুবতীদের কথাও বোঝান বাংলায় বুঝিয়ে দেন বৃদ্ধাদের।

১০১নং ওয়ার্ডে রেকর্ড

বিনামূল্যে এক হাজার সোয়াব টেস্ট

স্টাফ রিপোর্টার : সারা দেশের সঙ্গে তাল মিলিয়ে গোটা বাংলাতেও বাড়ছে করোনা সংক্রমণ। ইতিমধ্যেই কলকাতায় করোনা আক্রান্তের সংখ্যা ছাড়িয়ে গিয়েছে ৪১ হাজার। এই পরিস্থিতিতে অভিনব উদ্যোগ নিল কলকাতা পুরসভার ১০১ নম্বর ওয়ার্ড। এর আগে কলকাতা পুরসভার প্রথম ১৪৪টি ওয়ার্ডেই করোনা পরীক্ষাকেন্দ্র গড়ে তোলার কথা জানানো হয়েছিল। এবার বিনামূল্যে ১ হাজার ১ জনের করোনা সোয়াব টেস্টের লক্ষ্যমাত্রা পূরণ করল কলকাতা পুরসভার ১০১ নম্বর ওয়ার্ড। ওয়ার্ড কোঅর্ডিনেটর বাপ্পাদিত্য দাশগুপ্তর তত্ত্বাবধানে এই অসম্ভবকে সম্ভব করে দেখাল কলকাতা পুরসভার এই এলাকা। আইসিএমআর বিশেষজ্ঞরা আগেই জানিয়েছিলেন, যত বেশি সম্ভব করোনা পরীক্ষা, শনাক্তকরণ এবং দ্রুত, যথাযথ চিকিৎসাই হল এই ভাইরাস প্রতিরোধের একমাত্র উপায়। সেই লক্ষ্যে ক্রমশ শিখর ছোঁয়ার পথে কলকাতা পুরসভার ১০১ নম্বর ওয়ার্ড। আগামী দিনেও এলাকার বাসিন্দারা বিনামূল্যে লালারসের নমুনা পরীক্ষার সুযোগ মিলবে। কীভাবে চলছে ১০১ নম্বর ওয়ার্ডে ফ্রি করোনা টেস্ট? প্রতিদিন সকাল-বিকেল ওয়ার্ডের রাস্তায় চলছে মাইকিং, "অযথা আতঙ্কিত হবেন না। কোনওরকম উপসর্গ থাকলে নির্দ্বিধায় আমাদের ওয়ার্ড অফিসে আসুন। বিনামূল্যে করোনা পরীক্ষা করান।" দেওয়া থাকছে একটি বিশেষ নম্বর। সেই নম্বরে যোগাযোগ করলে নির্দিষ্ট সময় বলে দেওয়া হচ্ছে। যে সময় এসে বিনামূল্যে কোভিড টেস্ট করাতে পারছেন এলাকার বাসিন্দারা। এই 'কোভিড টেস্টিং টু ইওর ডোরস্টেপ' কর্মসূচিতে খুশি এলাকার বাসিন্দারা। যদিও ১ হাজার ১ জনের বিনামূল্যে সোয়াব টেস্ট হয়েছে। তবে এই হিসাবকে খুব বড় করে দেখতে রাজি নন ওয়ার্ড কোঅর্ডিনেটর বাপ্পাদিত্য দাশগুপ্ত। তাঁর কথায়, "সবে হাজার ছুঁয়েছি। এর পরের অভিষ্ট লক্ষ্যে পৌঁছনো।" হিসাব বলছে কলকাতা পুরসভার অন্যান্য ওয়ার্ডে এখনও তিনশো অথবা চারশোর গণ্ডিতে আটকে। সেখানে মূলত করোনার সোয়াব টেস্ট করছে সর্বাগ্রে ১০১ নম্বর ওয়ার্ড। প্রসঙ্গত, কলকাতা পুরসভার 'কোভিড টেস্টিং টু ইওর ডোরস্টেপ' কর্মসূচি অনুযায়ী, কোনও ক্লাব বা আবাসন কর্তৃপক্ষ করোনা পরীক্ষার আয়োজন করতে পারে। তার জন্যে যোগাযোগ করতে হবে পুরমন্ত্রী তথা কলকাতা পুরসভার প্রশাসক ফিরহাদ হাকিমের নিজস্ব হোয়াটসঅ্যাপ নম্বরে (৯৮৩০০৩৭৪৯৩)। সেই সঙ্গেই পাঠাতে হবে ক্লাব বা আবাসনের নাম, ঠিকানা ও ফোন নম্বর। শর্ত একটাই, কমপক্ষে ২০ জনের নমুনা পরীক্ষা করার আবেদন জানাতে হবে।

সোশ্যাল মিডিয়ার সৌজন্যে

পুলিশের পরামর্শে জালিয়াতির ফাঁদ থেকে বাঁচলেন বহু নাগরিক

স্টাফ রিপোর্টার : বদলে যাওয়া জালিয়াতির ফাঁদ এড়াতে সোশ্যাল মিডিয়ায় পরামর্শ দিয়ে সুফল পেল কলকাতা পুলিশ। গত কয়েকদিনে সোশ্যাল মিডিয়ায় অন্তত এক ডজন শহরবাসীকে আলাদাভাবে পরামর্শ দিয়েছিল পুলিশ। কিছু ক্ষেত্রে এড়ানো গিয়েছে জালিয়াতি। লালবাজারের অবশ্য পরামর্শ, জালিয়াতদের ফোন, ই-মেল, হোয়াটসঅ্যাপে কোনও লিঙ্ক বা কিউআর কোড এড়িয়ে চললে শেষ হয়ে যাবে জামতাড়া গ্যাং।

এক অভিযোগকারী মহিলা সোশ্যাল মিডিয়ায় জানিয়েছেন, তিনি জালিয়াতদের কার্যকলাপের প্রতিবাদ করায় তাঁকে রীতিমতো ধর্ষণের হুমকি দেওয়া হয়। পুলিশের এক আধিকারিক জানান, এই ধরনের হুমকির ভিত্তিতে আরও গুরুতর মামলা দায়ের হতে পারে জালিয়াতদের বিরুদ্ধে।

পুলিশ জানিয়েছে, অভিযোগ এসেছে কলকাতার বাইরে থেকেও। এক মহিলার অভিজ্ঞতা, তিনি অনলাইন বিপণিতে বিজ্ঞাপন দিয়েছিলেন। একজন নিজেকে ক্রেতা বলে পরিচয় দিয়ে টাকা দেওয়ার নাম করে কিউ আর কোড পাঠায়। মহিলা বুঝতে পারেন, যে জালিয়াত তাঁকে ফাঁদে ফেলার চেষ্টা করছে। তিনি পুলিশকে বিষয়টি জানান। পুলিশ তাঁকে পরামর্শ দেয়। আবার এক যুবকের অভিযোগ, তাঁকে ফোন করে একজন ফোন সংস্থার কর্মী বলে পরিচয় দিয়ে কেওয়াইসি আপডেট করতে বলে। তার জন্য লিঙ্ক পাঠায়। তিনি লিঙ্ক ক্লিক করার আগেই বুঝতে পেরে পুলিশকে সোশ্যাল মিডিয়ায় জানান। পুলিশ তাঁকে এড়িয়ে চলার পরামর্শ দেয়।

- কিউ আর কোডের মাধ্যমে জালিয়াতি রুখলেন মহিলা।
- একডজন শহরবাসীকে আলাদা করে পরামর্শ পুলিশের।
- পরামর্শ মেনে অনলাইন শপিংয়ে পুরস্কারের টোপ এড়ালেন মহিলা।
- সন্দেহ হলে সরাসরি জানান লালবাজারের হেল্পলাইন নম্বরে।

আবার একাধিক শহরবাসী অভিযোগ জানিয়েছেন, কখনও ব্যাংক ম্যানেজার আবার কখনও অন্য কোনও পরিচয়ে তাঁদের এটিএম কার্ডের তথ্য জানতে চাওয়া হচ্ছে। ওই ফোন কলগুলি এড়িয়ে চলতে বলছেন পুলিশ আধিকারিকরা। এক যুবকের অভিযোগ, তাকে দু'টি নম্বর থেকে ফোন করে জানানো হয়, তিনি অনলাইন শপিংয়ে পুরস্কার পেয়েছেন। বিশেষ কয়েকটি পদ্ধতির মাধ্যমে তাঁকে পুরস্কারের টাকা নিতে হবে। কয়েকজন অভিযোগ জানিয়েছেন, তাঁদের কাছে কখনও কেওয়াইসি আপডেট আবার কখনও অন্য লোভ দেখিয়ে মেসেজ আসছে। এই ক্ষেত্রে পুলিশের পক্ষে সোশ্যাল মিডিয়ায় পরামর্শ দেওয়া হয়েছে, যেন কেউ এই মেসেজ বা ফোন কল পেলে সাড়া না দেন। নিজের এটিএম কার্ড বা কোনও তথ্য যেন কাউকে না জানান। সাহায্য চাওয়ার জন্য লালবাজারে ৮৫৮৫০৬৩১০৪ হেল্পলাইনে ফোন করেন। পুলিশকে মেল করে বা চিঠিতেও তাঁরা বিষয়টি জানাতে পারেন। তবে এই ধরনের কোনও ফোন বা মেসেজ পেলে তা সঙ্গে সঙ্গে এড়িয়ে চলার পরামর্শ দেওয়া হচ্ছে বলে জানিয়েছে পুলিশ।

বিক্ষোভ কর্মসূচিতে উধাও দূরত্ববিধি, বিতর্ক

ভাঙা ছাদের নিচে দিন কাটছে রেলকর্মীদের

লিলুয়ায় বিক্ষোভ দেখাচ্ছেন রেলকর্মীদের পরিবারের লোকজন।

স্টাফ রিপোর্টার : বেতনের ২৪ শতাংশ ঘরভাড়া দিয়েও স্বস্তি নেই রেলকর্মীদের। সেই রেল আবাসনই ভেঙে পড়ছে। তাই প্রাণ হাতে নিয়ে পরিবারের সদস্যদের সঙ্গে থাকতে হচ্ছে সেখানেই। শতাব্দীপ্রাচীন লিলুয়ার রেল আবাসনের জীর্ণ দশায় ক্ষুব্ধ আবাসিকরা। প্রতিকার চেয়ে লিলুয়ার ইঞ্জিনিয়ারিং দফতর ঘেরাও করে রাখলেন তাঁরা। দূরত্ববিধি লঙ্ঘন করেই দীর্ঘ সময় ধরে চলল বিক্ষোভ। বিক্ষোভে নেতৃত্ব দিয়ে স্থানীয় প্রাক্তন কাউন্সিলর কৈলাস মিশ্র অভিযোগ করেন, আবাসনগুলি জীর্ণ দশায় পরিণত হয়েছে। পলেস্তারা খসে পড়ছে। টাকা ভাড়া গুনেও জীবন হাতে নিয়ে থাকতে হচ্ছে। দু'দিন আগে ছাদ ভেঙে জখম হয় এক কিশোরী। রেলের ইঞ্জিনিয়ারিং বিভাগ উদাসীন। ফলে চরম সংকটে দিন কাটাচ্ছেন আবাসিকরা। সংকটজনক পরিস্থিতির কথা স্বীকার করে নিয়েছে ইঞ্জিনিয়ারিং বিভাগ। অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার আর কে বিশ্বাস বলেন, "এটি প্রাচীন আবাসন। কী ভাবে তাকে নতুন অবস্থায় ফিরিয়ে আনা যাবে?" বিক্ষোভরত আবাসিকদের অভিযোগ, মোটা টাকা মাইনে থেকে ভাড়া হিসাবে কাটলেও আবাসনগুলিতে নজর দেয় না ইঞ্জিনিয়ারিং বিভাগ। বারবার লিখিত ভাবে জানানো সত্ত্বেও গুরুত্ব দেয়না সুপারভাইজার রণজিৎ পাখিরা। সুপারভাইজারকে অপসারণ করার দাবিও তুলেছেন তাঁরা।

বাইক পার্কিং নিয়ে ডাক্তার নিগ্রহ

স্টাফ রিপোর্টার : ক্লিনিকের সামনে বাইক রাখা নিয়ে গোলমাল। এক চিকিৎসককে নিগ্রহের অভিযোগ উঠল এলাকার কয়েকজন যুবকের বিরুদ্ধে। এই বিষয়ে পূর্ব কলকাতা ট্যাংরা থানায় অভিযোগ দায়ের হয়েছে। পুলিশ জানিয়েছে, ট্যাংরা থানা এলাকার শীল লেনে চিকিৎসকের চেম্বার। তিনি রোগী দেখাকালীন কয়েকজন যুবক একটি বাইক তাঁর চেম্বারের সামনে পার্ক করে রাখে। চিকিৎসক বিষয়টি জানতে পেরে এর প্রতিবাদ করেন। তা নিয়ে শুরু হয় বচসা। অভিযোগ, এলাকার দুই যুবক আরও দুই অজ্ঞাত পরিচয়কে নিয়ে তাঁর চেম্বারে হানা দেয়। তাঁকে নিগ্রহ করা হয়। তাঁর অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত করছে। অভিযুক্তদের সন্ধান চলছে বলে জানিয়েছে পুলিশ।

মন খারাপ পুলিশের, চিরঘুমে ১৬ বছরের 'বৃদ্ধ' সানফার্নান্ডো

অর্ণব আইচ

বছর দু'য়েক আগে অবসর গ্রহণ করেছিল সে। ১৬ বছর বয়সে চিরতরে চলে গেল। সানফার্নান্ডো। কলকাতা ময়দানে যাঁরা নিয়মিত শরীরচর্চায় যান, যে প্রবীণরা সকালে বা সন্ধ্যার মুখে সময় কাটান সবজের গালিচায় নিজেদের মতো করে, তাঁদের অনেকেই চিনতেন সানফার্নান্ডোকে। দেখেছেন। কিন্তু নামে কেউ চিনতেন না তাকে। চেনার কথাও নয়। গত কয়েকদিন তার শরীর খারাপ ছিল। এবং শেষে সবাইকে ছেড়ে চলেও গেল সে। মন খারাপ, তবে পুলিশের। কারণ সে ছিল কলকাতা পুলিশের প্রিয় ঘোড়া। ময়দানে ডিউটি করত সে।

এই মন খারাপের মাঝেই অবশ্য কিছুটা খুশি কলকাতা মাউন্টেড পুলিশ। কারণ, এখানে বেড়েছে আরও ছয় সদস্য। রেসকোর্সের ছ'টি ঘোড়া চাকরি পেয়েছে কলকাতা পুলিশে। শুরু হয়েছে তাদের প্রশিক্ষণ।

পুলিশ জানিয়েছে, সানফার্নান্ডো নামে এই পুরুষ ঘোড়াটি মূলত ময়দানের ডিউটি করত। মাউন্টেড পুলিশের কর্মীদের পিঠে নিয়ে ময়দানের আইন-শৃঙ্খলার দায়িত্ব সামলাত সে। বছর দুই আগে অবসর গ্রহণ করার পর মধ্য কলকাতার পুলিশের ঘোড়াশাল থেকে তার জায়গা হয় বডিগার্ড লাইনে। এখানে সানফার্নান্ডো ছাড়াও রয়েছে পুলিশের চারটি অবসরপ্রাপ্ত ঘোড়া। অবসরপ্রাপ্ত বৃদ্ধ ঘোড়াদেরই রাখা হয় বডিগার্ড লাইনের এই ঘোড়াশালে। এখানে নিজেদের মতো চরে বেড়ায় তারা। শেষ বয়সে যাতে অবসরপ্রাপ্ত ঘোড়াগুলি ভালভাবে থাকে সেই চেষ্টাই করেন পুলিশকর্মীরা। সম্প্রতি সানফার্নান্ডো অসুস্থ হয়ে পড়ে। চিকিৎসাও হচ্ছিল তার। সোমবার তার মৃত্যু হয়। এদিকে, রেসকোর্স থেকে আরও ছ'টি ঘোড়া নিয়ে আসা হয়েছে কলকাতা পুলিশে। এদের বয়স সাত থেকে আট বছর। কলকাতার দু'জন মালিক তাঁদের ঘোড়াগুলি দান করেছেন পুলিশকে। তাদের প্রশিক্ষণ দেওয়ার কাজ শুরু হয়ে গিয়েছে। এক বছর প্রশিক্ষণের পরে রেসকোর্সের ঘোড়াগুলি পুরোদস্তুর পুলিশের ঘোড়া হিসাবে ময়দানে ডিউটি করবে বলে জানিয়েছে পুলিশ। কিন্তু নতুন সদস্যদের আসার মধ্যেও সানফার্নান্ডোকে হারিয়ে তার একদা মালিক পুলিশকর্মীর মনে যেন ময়দানে নেমে আসা ঝুপ করে অন্ধকার।